G:\rafiq\notice-lgd.doc3

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-১ শাখা

নং-৪৬.০৯৯.০২৫.০১.০১.০০১.২০১৪-১৩০১

তারিখ ঃ ২৮-১২-২০১৬খ্রিঃ।

বিষয়ঃ উন্নয়ন মেলা আয়োজন সংক্রান্ত সভার সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে গত ২০-১২-২০১৬ তারিখে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, "উন্নয়ন মেলায় স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ যথাযথভাবে অংশগ্রহণ করছে কিনা এ বিষয়ে বিভাগ পর্যায়ে পরিচালক, স্থানীয় সরকার এবং জেলা পর্যায়ে উপ-পরিচালক, স্থানীয় সরকার যথাযথ মনিটরিং করবেন এবং নিয়মিতভাবে স্থানীয় সরকার বিভাগে প্রতিবেদন প্রেরণ করবেন।"

অতএব, উক্ত সভার সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০২(দুই) পাতা।

28/12/2016
(লুৎফুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫১৪৬১১

বিতরণঃ

১। পরিচালক, স্থানীয় সরকার, সকল বিভাগ।

২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সকল জেলা।

অনুলিপি ঃ

১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
২। জেলা প্রশাসক, সকল জেলা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৪। মহাপরিচালক (মইই) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।

স্থানীয় সরকার বিভাগ

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(প্রশাসন-১ শাখা)
www.lgd.gov.bd

বিষয়ঃ উন্নয়ন মেলা আয়োজন সংক্রান্ত সভার কার্যবিবরণী।

আবদুল মালেক, সচিব, স্থানীয় সরকার বিভাগ এর সভাপতিত্বে গত ২০/১২/২০১৬ তারিখ সকাল ১০.০০ টায় স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষে (কক্ষ নং- ৬০১, ভবন-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত হল।

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি সভাকে অবহিত করেন যে, উন্নয়ন মেলা মূলতঃ জনগণ ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের গৃহীত উন্নয়ন কার্যক্রম প্রান্তিক পর্যায়ের মাঝে তুলে ধরতে হবে যেন জনগণ সরকারের উন্নয়ন কাজের সাথে সম্পৃক্ত হতে পারে এবং সরকারের মুখপাত্র হিসেবে প্রচারণায় অংশগ্রহণ করতে পারে। এ ছাড়া সরকারের ভবিষ্যত কর্মপরিকল্পনা, এমডিজি অর্জনে সরকারের সাফল্য প্রচার ও এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে জনগণকে উদ্বুদ্ধ করা, স্থানীয় জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবর্গ ও সরকারি কর্মকর্তাগণের যৌথ অংশগ্রহণে স্থানীয় সমস্যা সম্পর্কে মতবিনিময় ও বাস্তবায়ন পরিকল্পনা এবং শেখ হাসিনা ব্রান্ডিং এর জন্য শেখ হাসিনা বিশেষ উদ্যোগ সম্পর্কে জনগণের অংশীদারিত্ব বৃদ্ধি করা। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

১) জেলা ও উপজেলা পর্যায়ে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ বর্তমান সরকারের (২০০৯-২০১৬ মেয়াদে) সাফল্য ও ভবিষ্যত কর্মপরিকল্পনা উন্নয়ন মেলায় উপস্থাপন করতে হবে।

২) স্থানীয় সরকার বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ উন্নয়ন মেলায় অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করতে স্ব-স্ব অনুবিভাগ হতে পত্র দিতে হবে। বর্ণিত পত্রে দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে মেলায় অংশগ্রহণের বিষয়ে যথাযথ ও স্বয়ংসম্পূর্ণ দিক-নির্দেশনা থাকবে।

৩) উন্নয়ন মেলার ব্যয় নির্বাহের জন্য জেলা পরিষদ (৩ টি পার্বত্য জেলা ব্যতিত) ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে এক লক্ষ টাকা প্রদানের বিষয়ে সংশ্লিষ্ট অনুবিভাগ হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪) উন্নয়ন মেলায় অংশগ্রহণকৃত যে সকল দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ পুরস্কারের জন্য নির্বাচিত হবে সে সকল দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে স্থানীয় সরকার বিভাগও প্রণোদনা প্রদান করবে।

৫) স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব জনাব ইকরামুল হক, চট্টগ্রাম বিভাগ; জনাব এ এস এম মাহবুবুল আলম মহাপরিচালক(মইই), ঢাকা বিভাগ ও ময়মনসিংহ বিভাগ; জনাব জ্যোতির্ময় দত্ত, অতিরিক্ত সচিব(নগর উন্নয়ন), সিলেট বিভাগ; জনাব সৌরেন্দ্র নাথ চক্রবর্তী, অতিরিক্ত সচিব(প্রশাসন), রাজশাহী বিভাগ ও রংপুর বিভাগ; জনাব মোঃ মাহবুব হোসেন, অতিরিক্ত সচিব(পানি সরবরাহ), খুলনা বিভাগ এবং বেগম নাসরিন আক্তার, অতিরিক্ত সচিব(উন্নয়ন), বরিশাল বিভাগে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের অংশগ্রহণের বিষয়টি সমন্বয় করবেন।

স্থানীয় সরকার বিভাগ

৬) উন্নয়ন মেলায় স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ যথাযথভাবে অংশগ্রহণ করছে কিনা এ বিষয়ে বিভাগ পর্যায়ে পরিচালক, স্থানীয় সরকার এবং জেলা পর্যায়ে উপ-পরিচালক, স্থানীয় সরকার যথাযথ মনিটরিং করবেন এবং নিয়মিতভাবে স্থানীয় সরকার বিভাগে প্রতিবেদন প্রেরণ করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২১/১২/২০১৬
আবদুল মালেক
সচিব
স্থানীয় সরকার বিভাগ

নং- ৪৬. ০০.০০০০.০৩৯. ০১৮. ০০৪. ২০১৩-২১৬০/১(৯)

তারিখঃ ০৭ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ
২১ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক(মইই), স্থানীয় সরকার বিভাগ।
০৩। রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ।
০৪। যুগ্মসচিব/পরিচালক(সকল), স্থানীয় সরকার বিভাগ।
০৫। পরিচালক(সকল), স্থানীয় সরকার, ------------- বিভাগ।
০৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
০৭। উপসচিব ( ), স্থানীয় সরকার বিভাগ।
০৮। উপ-পরিচালক (সকল), স্থানীয় সরকার, ---------------- জেলা।
০৯। সিনিয়র সহকারী সচিব( ), স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা :-

০১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
০২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা।
০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
০৪। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/খুলনা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/রাজশাহী ওয়াসা।
০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/রংপুর/ গাজীপুর সিটি কর্পোরেশন।

২১/১২/২০১৬
(মোঃ জাহিদ হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
e-mail: lgadmin1@lgd.gov.bd